# প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা (পিএমএফবিওয়াই)
## নিরাপদ কৃষক, গর্বিত জাতি
## বাস্তবায়িত করেছেন ত্রিপুরা সরকার এবং ভারত সরকার

HDFC ERGO

প্রধান মন্ত্রী ফসল বীমা যোজনা (পিএমএফবিওয়াই)-'র উদ্দেশ্য হল ইন্সিওরেন্সের সুরক্ষা প্রদান করা এবং প্রাকৃতিক বিপর্যয়ে, পোকামাকড়ের আক্রমণে বা অস্বাভাবিক কোনও ঘটনার ফলে ফসলের ক্ষয়ক্ষতি বা উৎপাদনে ব্যর্থ হলে কৃষকদের আর্থিক সহযোগিতা প্রদান করা।

এইভাবে, এই যোজনাটি কৃষকদের অর্থনৈতিক স্থিরতা প্রদান করে এবং সুনিশ্চিতভাবে ক্রমাগত তাঁদের উদ্ভাবনমূলক এবং আধুনিক কৃষিকার্য অনুশীলনে উৎসাহ প্রদান করে।



### কারা এই যোজনার মাধ্যমে লাভবান হবেন

সমস্ত কৃষকরা যার অন্তর্ভুক্ত বর্গাদার এবং ভাগচাষী যারা উল্লেখিত অঞ্চলে নির্দিষ্ট ফসল চাষ করেন তারা কভারেজের যোগ্য বিবেচিত হন। বস্তুত, কৃষকরা বিমাযোগ্য সুদের হার পাবেন উল্লেখিত / বিমাকৃত ফসলের জন্য। এই যোজনাটি সমস্ত কৃষকদের জন্য স্বেচ্ছাধীনভাবে প্রস্তুত করা হয়েছে যাতে অন্তর্ভুক্ত হতে পারবে লোনী বা ঋণগ্রহণকারী কৃষকরাও। সমস্ত কৃষকগণ যারা ঋতু অনুসারে কৃষিকার্য পরিচালনার কারণে লোন বা ঋণ গ্রহণ করেছেন অর্থাৎ যাঁরা ঋণগ্রহণকারী কোনও ফিনান্সিয়াল ইনস্টিটিউশন (কো-অপারেটিভ ব্যাঙ্ক, রিজিওনাল রুরাল ব্যাঙ্কস, কর্মাসিয়াল ব্যাঙ্কস, প্রাইভেট ব্যাঙ্কস ইত্যাদি) নির্দিষ্ট ফসলের জন্য এবং যাঁরা এই যোজনাটিতে নাম নথিভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেন নি নাম নথিভুক্ত করার শেষ তারিখের ৭ দিনের মধ্যে, তাঁরা তাঁদের আর্থিক সংস্থার দ্বারা এই যোজনায় নথিভূক্ত করার যোগ্য বিবেচিত হবেন।

### বীমা করা আসলে কি

নিম্নলিখিত স্তরে ফসলের ঝুঁকিগুলি থেকে ফসলের ক্ষতির সম্ভাবনা যা যোজনার অধীনে কভার্ড থাকে:

- বপন / রোপন / অঙ্কুরিত হওয়ার সময়ের ঝুঁকির প্রতিরোধ বিমাকৃত অঞ্চলে যাতে চারাগাছ রোপন / অঙ্কুরিত হওয়াকে প্রতিরোধ করে বৃষ্টির অভাবে বা প্রতিকূল ঋতুতে / আবহাওয়ার পরিস্থিতির কারণে হওয়া ঝুঁকিগুলি থেকে সুরক্ষা প্রদান করা হয়।
- কমপ্রিহেনসিভ বা ব্যাপক ঝুঁকির ইন্সিওরেন্স কভারেজ প্রদান করা হয় ফসলের ক্ষয়ক্ষতির জন্য অ-প্রতিরোধক ঝুঁকির ক্ষেত্রে স্থায়ী ফসলের জন্য (বপন থেকে ফসল তোলা)। আসল ফসলের মূল্য গণনা করা হবে রাজ্য সরকারের মাধ্যমে ক্রপ কাটিং এক্সপেরিমেন্ট পরিচালনার দ্বারা।
- ফসল কাটার পরবর্তী ক্ষয়ক্ষতি কভারেজ পাওয়া যাবে কেবলমাত্র ১৪ দিন পর্যন্ত সর্বাধিক সময়সীমায়। ফসল তোলার থেকে যে ফসলগুলি রাখা আছে ''কাট অ্যান্ড স্প্রেড'' অবস্থায় জমিতে শুকনোর জন্য যদি তা ক্ষতিগ্রস্ত হয় শিলাবৃষ্টি, সাইক্লোন এবং অসময়ের বৃষ্টিতে। দাবি জানাতে হবে বিপর্যয়ের ৭২ ঘন্টার মধ্যে ক্ষতিগ্রস্ত কৃষককে সরাসরি বা ইন্সিওরেন্স কোম্পানির টোল ফ্রী নম্বরে বা সংশ্লিষ্ট ব্যাঙ্কের মাধ্যমে, সরকারের আঞ্চলিক কৃষিবিভাগ / জেলা আধিকারিককে।
- স্থানীয় বিপর্যয়গুলি নির্দিষ্ট বিমাকৃত ফসলগুলি যদি শিলাবৃষ্টি, ধস, প্লাবন, বৃষ্টি এবং প্রাকৃতিক আগুনে ক্ষতিগ্রস্ত / ক্ষয়প্রাপ্ত হয় নির্দিষ্ট কৃষকের কৃষি অঞ্চলে। দাবি জানাতে হবে বিপর্যয়গ্রস্ত কৃষককে বিপর্যয়ের দিন থেকে ৭২ ঘন্টার মধ্যে সরাসরি ইন্সুরেন্স কোম্পানিকে টোল ফ্রী নম্বরে কল করে বা সংশ্লিষ্ট ব্যাঙ্ককে, স্থানীয় কৃষিবিভাগ সরকার / জেলা আধিকারিককে।

### যোজনাটি পাওয়ার জন্য কৃষকের কাছে যে ডকুমেন্টগুলি থাকা আবশ্যক

- আধার কার্ডের কপি
- সম্পূর্ণভাবে ভর্তি করা প্রস্তাব পত্রের কপি
- জমির সর্বশেষ রেকর্ডের কপি / স্টেট রেকর্ড অফ রাইটস (আরওআর) / জমির পোজেশন সার্টিফিকেট (এলপিসি) / খসড়া ইত্যাদি
- ভাগচাষীর প্রযোজ্য চুক্তিপত্র বা চুক্তির ডকুমেন্টস জন্য অ্যাফিডেভিট বা হলফনামা
- ব্যাঙ্ক পাসবুকের কপি যাতে আইএফএসসি নম্বর এবং ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর আছে বা ক্যানসেলড চেক-এর একটি কপি
- রাজ্যসরকারের অনুমোদিত সোয়িং সার্টিফিকেট বা সেলফ ডিক্লারেশন যাতে উল্লেখিত ফসলের বিবরণ আছে

### কভারেজ এবং ক্লেমের জন্য পূর্ব শর্তাবলি

- বহুবিস্তৃত বিপর্যয় (ঋতু শেষের ফসলের ভিত্তিতে): ক্লেম বা দাবির বন্দোবস্ত নেওয়া হবে অঞ্চলগুলিকে প্রস্তাবের ভিত্তিতে। আসল ফসলের হিসাব গণনা করা হয় রাজ্য সরকারের মাধ্যমে যা পরিচালিত হবে ক্রপ কাটিং এক্সপেরিমেন্ট-এ ইন্সুরেন্স ইউনিটের স্তরে এবং ফসলের ঘাটতিতে যা নির্ধারিত হবে গ্যারেন্টেড (সীমা) ফসল এবং বর্তমান ঋতুতে আসল ফসলের তফাতের মাধ্যমে। সেই অনুসারে ক্লেম বা দাবির বন্দোবস্ত করা হবে।

- ফসলের মধ্যকালীন বিপর্যয়ের ফলে ক্ষয়ক্ষতি : এটি প্রযোজ্য যে যেখানে প্রভাবিত ফসলের সম্ভাব্য উৎপাদন ঋতুতে স্বাভাবিক ফসল উৎপাদনের থেকে ৫০% কম হয় প্রতিকূল মৌসমের পরিস্থিতিতে। এক নির্দিষ্ট ফসল বা ফসলের ইন্সুরেন্স ইউনিটের বিধান চাওয়া

  হয় রাজ্য সরকারের কাছে ক্ষতিগ্রস্ত হওয়ার বিজ্ঞপ্তির মাধ্যমে বিভিন্ন প্রক্সি সূচকে যেমন রেনফল ডেটা,অন্যান্য ওয়েদার ডেটা, স্যাটেলাইট ইমেজ ইত্যাদি। যদি কোনও বাদবিবাদ দেখা দেয় স্বভাবিক ফসল তোলার সময়ের ১৫ দিনের আগে, তাহলে এই বিধান চাওয়া যাবে না। বিধানটি প্রয়োগ হওয়ার পরে, সম্ভাবত দাবির ২৫% প্রদেয় হবে, চূড়ান্ত দাবি সমন্বয়ের সাপেক্ষে।
- বপন প্রতিহত হলে বা ব্যর্থ হলে এবং রোপন এবং অঙ্কুরিত হওয়া প্রতিহত হলে ক্লেম বা দাবি: ইন্সুরেন্স কভার প্রদান করা হবে যদি বহুবিস্তৃত ছড়িয়ে পড়ার জায়গায় ৭৫% এর বেশিফসল প্রভাবিত হলে। বিধান চাওয়া হবে রাজ্য সরকারকে বিজ্ঞপ্তির ভিত্তিতে প্রক্সি সূচকে যেমন রেনফল ডেটা, অন্যান্য ওয়েদার ডেটা এবং স্যাটেলাইট ইমেজ। এই বিধানটি ঘোষিত হবে

  নথিভূক্ত হওয়ার নির্দিষ্ট তারিখের ১৫ দিনের মধ্যে রাজ্য সরকার দ্বারা, একবার বিধানটি চাওয়া হলে,ক্লেম বা দাবির বন্দোবস্ত করা হবে ৩০ দিনের মধ্যে ভর্তুকি প্রাপ্ত হওয়ার সাপেক্ষে।
- ফসল কাটার পরবর্তী ক্ষয়ক্ষতি এবং আঞ্চলিক বিপর্যয়: উৎপাদনের ক্ষতির মূল্যায়ন করা হবে ব্যক্তিগত প্লটের ভিত্তিতে। বিমাকৃত কৃষক যেন বিপর্যয়ের ৭২ ঘণ্টার মধ্যে খবর করেন। খবর জানানের বিষয়টি যেন বিশদ বর্ণনা করা হয় সমীক্ষার নম্বর অনুসারে বিমাকৃত ফসলের এবং প্রভাবিত ক্ষেতের পরিমাণের। ডকুমেন্টে প্রমাণ অনুসারে, একটি ক্লেম ফর্ম সম্পূর্ণ ভর্তি করে ৭ দিনের মধ্যে জমা করতে হবে।

**প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার অধীনে বিজ্ঞাপিত ফসলের বিবরণ, প্রিমিয়ামের হার এবং সাম ইন্সুরেন্স নীচে দেওয়া হল**

| ঋতু | জেলা | নির্দেশিত ফসল | সাম ইন্সিওর্ড (টা./হেক্টর) | কৃষকের শেয়ার প্রিমিয়াম (টা.) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| খারিফ ২০২২ | ধলাই | আমন ধান | 69041 | 1380.82 | তবে, ধানের ক্ষেত্রে (আউশ, আমন এবং বোরো) চাষিরা নিজেরা শুধুমাত্র 10 টাকা প্রতি কানি (0.40 হেক্টর পর্যন্ত বিমাকৃত অঞ্চলের জন্য) এবং 100 টাকা প্রতি কানি (0.40-1 হেক্টর) প্রদান করবেন এবং অবশিষ্ট প্রিমিয়াম প্রদান করবেন রাজ্য সরকার। প্রিমিয়ামের রাশির এই প্রকার চাষির ভাগটি বিমা কোম্পানীর দ্বারা পরবর্তীতে কৃষি এবং কৃষক কল্যান বিভাগের থেকে দাবি করা হবে। |
| | | আউশ ধান | 69041 | 1380.82 | |
| | গোমতি | আমন ধান | 69041 | 1380.82 | |
| | | আউশ ধান | 69041 | 1380.82 | |
| | খোয়াই | আমন ধান | 69041 | 1380.82 | |
| | | আউশ ধান | 69041 | 1380.82 | |
| | দক্ষিণ ত্রিপুরা | আমন ধান | 69041 | 1380.82 | |
| | | আউশ ধান | 69041 | 1380.82 | |
| | সিপাহিজলা | আমন ধান | 69041 | 1380.82 | |
| | | আউশ ধান | 69041 | 1380.82 | |
| | পশ্চিম ত্রিপুরা | আমন ধান | 69041 | 1380.82 | |
| | | আউশ ধান | 69041 | 1380.82 | |
| | উনকোটি | আমন ধান | 69041 | 1380.82 | |
| | | আউশ ধান | 69041 | 1380.82 | |
| | উত্তর ত্রিপুরা | আমন ধান | 69041 | 1380.82 | |
| | | আউশ ধান | 69041 | 1380.82 | |

নথিভুক্তকরণের শেষ তারিখ (খারিফ ২০২২): ৩১-০৭-২০২২

Email id: pmfby.tripura@hdfcergo.com



2017-18 সালের জন্য সামগ্রিক খাদ্য-শস্য উপাদন বিভাগ - III (উপাদন 1 মিলিয়নের কম) সেরা পারফরম্যান্স করা রাজ্য হিসাবেও নির্বাচিত হয়েছিল বলে ত্রিপুরাকে কৃষি কর্ম্ম পুরস্কারে সম্মানিত করা হয়েছিল।

বৃহস্পতিবার কর্ণাটকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছ থেকে ত্রিপুরার কৃষি কর্মন পুরস্কার গ্রহণ করেন রাজ্যের কৃষিমন্ত্রী প্রাণজিত সিংহ রায়।

ত্রিপুরার দুই কৃষক - ঝর্ণা দাস এবং অশোক বিকাশ দত্ত-কেও প্রগতিশীল কৃষকদের জন্য কৃষি কর্মন পুরস্কারে সম্মানিত করা হয়েছে।

যোজনা সম্পর্কে আরও তথ্য জানতে, অনুগ্রহ করে কল করুন: **টোল ফ্রী নং: ১৮০০ ২৬৬০ ৭০০**

অ-ঋণগ্রহণকারী কৃষক তাঁর ফসলের ইন্সিওর করতে পারবেন নিকটবর্তী আর্থিক সংস্থার মাধ্যমে বনাম রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কস, কো-অপারেটিভ ব্যাঙ্কস, প্রাইমারী অ্যাগ্রিকালচার কো-অপারেটিভ সোসাইটি (পিএসিএস), রিজিওনাল রুরাল ব্যাঙ্কস / ইন্সুরেন্স মধ্যস্থতাকারী / কমন সার্ভিস সেন্টার (সিএসসি) / সেলফ এনরোলমেন্ট-এ ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে : https://pmfby.gov.in/farmerLogin

এইচডিএফসি এরগো জেনেরাল ইন্সিওরেন্স কোম্পানি লিমিটেড। আইআরডিএআই রেজ.নং ১৪৬. CIN: U66030MH2007PLC177117, রেজিস্টার্ড এবং কর্পোরেট অফিস: ১ম তলা,এইচডিএফসি হাউস,১৬৫-১৬৬ ব্যাকবে রিক্লেমেশন, এইচ, টি. পারেখ মার্গ, চার্চগেট, মুম্বাই-৪০০০২০। ঝুঁকির বিষয়, নিয়ম এবং শর্তাবলির সম্পর্কে বিশদ জানতে,অনুগ্রহ করে সেলস ব্রোসিওর / প্রসপেক্টাস ভালো করে পড়ুন বিক্রির সিদ্ধান্ত নেলয়ার আগে। ট্রেড লোগো যা প্রদর্শিত হয়েছে তা এইচডিএফসি লি.-এর এবং এরগো ইন্টারন্যাশনাল এজি এবং কোম্পানির দ্বারা লাইসেন্সের অধীনে ব্যবহৃত। Pradhan Mantri Fasal Bima Yojan - IRDAN125P0003V01201617 | CSC - Pradhan Mantri Fasal Bima Yojan - HDE-AG-P18-25-V01-17-18. UID: 10736.